



পাকিস্তানের হামলায় আফগানিস্তানে নারীসহ নিহত ১২



সংগৃহীত ছবি

আফগানিস্তানের সীমান্তবর্তী এলাকায় পাকিস্তানের বিমান হামলায় অন্তত ১২ জন নিহত হয়েছেন বলে জানিয়েছেন আফগান সরকারি কর্মকর্তা ও স্থানীয় সূত্রগুলো।

মঙ্গলবার রাতে কুনার, খোস্ত ও পাকতিকা প্রদেশে এ হামলার ঘটনা ঘটে।

আফগান সরকারের মুখপাত্র জবিহুল্লাহ মুজাহিদ এন্ডে দেওয়া পোস্টে বলেন, পাকিস্তান আফগান আকাশসীমা লঙ্ঘন করে বেসামরিক ঘরবাড়িতে হামলা চালিয়েছে। এতে ১১ শিশু, এক নারী ও এক বৃদ্ধ নিহত হয়েছেন।

খোস্ত প্রদেশের এক কর্মকর্তা জানান, স্পেরা জেলায় একটি বাড়িতে হামলায় ৯ জন নিহত ও ১০ জন আহত হন। একই প্রদেশের স্থানীয়রা জানান, পাকতিকা প্রদেশের বারমাল জেলায় আলাদা হামলায় আরও তিনজন নিহত হন, যাদের সবাই শিশু।

হামলার বিষয়ে পাকিস্তানের পক্ষ থেকে তাৎক্ষণিক কোনো মন্তব্য পাওয়া যায়নি। তবে অতীতে ইসলামাবাদ জানিয়েছে, আফগানিস্তানে তাদের অভিযান কেবল পাকিস্তানবিরোধী জঙ্গিদের লক্ষ্য করে পরিচালিত হয়, বেসামরিকদের লক্ষ্য করা হয় না।

সাম্প্রতিক মাসগুলোতে সীমান্ত পরিস্থিতি কিছুটা শান্ত থাকলেও নতুন এই হামলায় দুই দেশের মধ্যে উত্তেজনা আবারও বেড়েছে।

জাতিসংঘের এক প্রতিবেদনে বলা হয়েছে, চলতি বছরের প্রথম তিন মাসে আফগানিস্তান-পাকিস্তান সংঘাতে শতাধিক বেসামরিক প্রাণহানি হয়েছে। ২০২১ সালে তালেবান ক্ষমতায় ফেরার পর থেকেই দুই দেশের সম্পর্কে টানাপোড়েন চলছে।